# মিয়ানমারে ৫.৩ মাত্রার ভূমিকম্প, অঞ্চলে বাড়ছে উদ্বেগ



সংগৃহীত ছবি

দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভূমিকম্পের আতঙ্ক কমতে না কমতেই নতুন করে কাঁপল মিয়ানমার। রোববার (২৩ নভেম্বর) বাংলাদেশ সময় সকাল ১০টা ৩৯ মিনিটে দেশটিতে ৫ দশমিক ৩ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়।

আন্দামান সাগরকে কেন্দ্র করে সৃষ্ট এই কম্পন মিয়ানমারের দাওয়েই শহর থেকে প্রায় ২৬৭ কিলোমিটার পশ্চিম-দক্ষিণ পশ্চিমে উৎপন্ন হয় বলে জানিয়েছে মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস)। ভূপৃষ্ঠ থেকে মাত্র ১০ কিলোমিটার গভীরে উৎপন্ন হওয়ায় এর প্রভাব থাইল্যান্ডেও অনুভূত হয়েছে। তাৎক্ষণিকভাবে বড় ধরনের ক্ষয়ক্ষতির কোনো তথ্য পাওয়া যায়নি।

এর আগে গত শুক্রবার বাংলাদেশে ৫ দশমিক ৭ মাত্রার ভূমিকম্প আঘাত হানে, যাতে অন্তত ১০ জনের মৃত্যু হয়। পরদিন একই এলাকায় মৃদু 'আফটারশক' অনুভূত হয়। সপ্তাহের মধ্যে অঞ্চলে এ নিয়ে দ্বিতীয় শক্তিশালী ভূমিকম্প হওয়ায় ভূ-তাত্ত্বিক সক্রিয়তা নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে।

LENS ASIA